قَالَ فَمَا خَطْبُكُمْ أَيُّهَا الْمُرْسَلُونَ ﴿٣١﴾ قَالُوا إِنَّا أُرْسِلْنَا إِلَىٰ قَوْمٍ

৩১। ক্ব-লা ফামা-খত্ব্বুকুম্ আইয়্যুহাল্ মুরসালূন্। ৩২। ক্ব-লূ ~ ইন্না ~ উর্সিল্না ~ ইলা-ক্বওমিম্

(৩১) সে বলল, হে ফেরেশ্তারা! তোমাদের মুখ্য উদ্দেশ্য কি? (৩২) তারা বলল, নিশ্চয়ই আমরা প্রেরিত হয়েছি পাপী

مُجْرِمِينَ ﴿٣٣﴾ لِنُرْسِلَ عَلَيْهِمْ حِجَارَةً مِنْ طِينٍ ﴿٣٤﴾ مُسَوَّمَةً عِنْدَ رَبِّكَ

মুজ্ব্রিমীন্। ৩৩। লিনুর্সিলা 'আলাইহিম্ হিজ্বা-রতাম্ মিন্ ত্বীন্। ৩৪। মুসাওয়ামাতান্ 'ইন্দা রব্বিকা

সম্প্রদায়ের প্রতি। (৩৩) যেন আমরা তাদের ওপর পোড়া মাটির পাথর বর্ষণ করি, (৩৪) যা আপনার রবের কাছে সীমা

لِلْمُسْرِفِينَ ﴿٣٥﴾ فَأَخْرَجْنَا مَنْ كَانَ فِيهَا مِنَ الْمُؤْمِنِينَ ﴿٣٦﴾ فَمَا وَجَدْنَا فِيهَا

লিল্মুস্রিফীন্। ৩৫। ফাআখ্রাজ্না-মান্ কা-না ফীহা-মিনাল্ মু''মিনীন্। ৩৬। ফামা-অজ্বাদ্না-ফীহা-

লংঘণকারীদের জন্য নিরুপিত হয়েছে। (৩৫) সুতরাং তথাকার মু'মিনদেরকে আমি উদ্ধার করেছি। (৩৬) অতঃপর সেখানে আমি

غَيْرَ بَيْتٍ مِنَ الْمُسْلِمِينَ ﴿٣٧﴾ وَتَرَكْنَا فِيهَا آيَةً لِلَّذِينَ يَخَافُونَ الْعَذَابَ

গইরা বাইতিম্ মিনাল্ মুস্লিমীন্। ৩৭। অতারক্না-ফীহা ~ আ-ইয়াতাল্ লিল্লাযীনা ইয়াখ্-ফূনাল্ 'আযা-বাল্

মুসলমানদের একটি গৃহ ছাড়া আর কোন মুসলিম পরিবার পাই নি।(৩৭) আর আমি সেখানে মর্মন্তুদ শাস্তির ভয়ে ভীতদের

الْأَلِيمَ ﴿٣٨﴾ وَفِي مُوسَىٰ إِذْ أَرْسَلْنَاهُ إِلَىٰ فِرْعَوْنَ بِسُلْطَانٍ مُبِينٍ ﴿٣٩﴾ فَتَوَلَّىٰ

আলীম্। ৩৮। অফী মূসা ~ ইয্ আর্সাল্না-হু ইলা-ফির্'আউনা বিসুল্ত্বোয়া-নিম্ মুবীন্। ৩৯। ফাতাওয়াল্লা

জন্য নিদর্শন রেখেছি। (৩৮) আর মূসার বিষয়ে তাকে ফেরাউনের কাছে স্পষ্ট প্রমাণসহ প্রেরণ করেছি। (৩৯) তখন সে

بِرُكْنِهِ وَقَالَ سَاحِرٌ أَوْ مَجْنُونٌ ﴿٤٠﴾ فَأَخَذْنَاهُ وَجُنُودَهُ فَنَبَذْنَاهُمْ فِي الْيَمِّ

বিরুক্নিহী অক্ব-লা সা-হিরুন্ আও মাজ্নূন্। ৪০। ফাআখায্না-হু অজ্নূদাহূ ফানাবায্না-হুম্ ফিল্ ইয়াম্মি

শক্তির দম্ভে বিমুখ হয়ে বলল, এ ব্যক্তি যাদুকর বা উন্মাদ। (৪০) তাকে ও তার দলবলকে ধরে সমুদ্রে ফেললাম নিক্ষেপ

وَهُوَ مُلِيمٌ ﴿٤١﴾ وَفِي عَادٍ إِذْ أَرْسَلْنَا عَلَيْهِمُ الرِّيحَ الْعَقِيمَ ﴿٤٢﴾ مَا تَذَرُ مِنْ شَيْءٍ

অহুওয়া মুলীম্। ৪১। অফী 'আ-দিন্ ইয্ আর্সাল্না- 'আলাইহিমুর্ রীহাল্ 'আক্বীম্। ৪২। মা-তাযারু মিন্ শাইয়িন্

করলাম, সে ছিল ধিকৃত। (৪১) আ'দের ব্যাপারে তাদের বিরুদ্ধে ঝাঞ্ঝা বায়ু পাঠালাম। (৪২) এটা যার ওপর দিয়েই গিয়েছিল

أَتَتْ عَلَيْهِ إِلَّا جَعَلَتْهُ كَالرَّمِيمِ ﴿٤٣﴾ وَفِي ثَمُودَ إِذْ قِيلَ لَهُمْ تَمَتَّعُوا حَتَّىٰ

আতাত্ 'আলাইহি ইল্লা-জ্বা'আলাত্হু কার্রমীম্। ৪৩। অফী ছামূদা ইয্ ক্বীলা লাহুম্ তামাত্তাউ' হাত্তা-

তাকেই চূর্ণ করেছিল।(৪৩) আর ছামুদ সম্প্রদায়ের বর্ণনায়ও নিদর্শন রয়েছে, যখন তাদেরকে বলা হয়েছিল তোমরা আরও

আয়াত-৩৪ ঃ তাফ্সীরে সুদ্দী ও হাসান বসরীতে লিখা আছে যে, এ পাথরসমূহের উপর আল্লাহর পক্ষ হতে মোহরের ন্যায় অঙ্কিত ছিল এবং ওতে পাপীদের নামও লিখা ছিল। এজন্য চিহ্নের কথা বলা হয়েছে। প্রথমে তো তাদের বস্তীগুলো উল্টিয়ে দেয়া হল, তার পর প্রস্তর বর্ষিত হল। এ আয়াত হতে অনেক ওলামা লূতী শাস্তিকে "সঙ্গেছার" বলে। রাসূলুল্লাহ (ছঃ) এর পরে তাঁর ছাহাবীদের মধ্যে এ ব্যাপারে মতানৈক্য দেখা দিয়েছিল। ইবনে আব্বাসের মতে লূতী অভ্যাসধারীকে উচ্চস্থল হতে ফেলে দিয়ে হত্যা করতে হবে। কেউ আবার তরবারির দ্বারা হত্যার কথা বলেছেন। আবার কেউ ব্যাভিচারের কথা বলেন। কিন্তু ব্যাভিচার থেকে কম শাস্তি দেয়ার কথা কেউই উল্লেখ করেন নি। (ইবঃ কাঃ, তাফঃ খাযেন)

حِينٍ ﴿٤٤﴾ فَعَتَوْا عَنْ أَمْرِ رَبِّهِمْ فَأَخَذَتْهُمُ الصَّاعِقَةُ وَهُمْ يَنظُرُونَ ﴿٤٥﴾ فَمَا

হীন্। ৪৪। ফা'আতাও 'আন্ আম্রি রব্বিহিম্ ফাআখযাত্ হুমুছ্ ছোয়া-'ইক্বতু অহুম্ ইয়ান্জুরূন্। ৪৫। ফামাস্
কিছুকালভোগ উপভোগ কর।(৪৪) অনন্তর তার রবের নির্দেশ অমান্য করলে বজ্রাঘাত পড়ল, যা তারা দেখছিল, (৪৫) আর

اسْتَطَاعُوا مِن قِيَامٍ وَمَا كَانُوا مُنتَصِرِينَ ﴿٤٦﴾ وَقَوْمَ نُوحٍ مِّن قَبْلُ ۖ إِنَّهُمْ

তাত্বোয়া-'উ মিন্ ক্বিয়া-মিঁও অমা-কা-নূ মুন্তাছিরীন্। ৪৬। অক্বওমা নূহিম্ মিন্ ক্বব্ল্; ইন্নাহুম্
তারা উঠে দাঁড়াতেও পারে নি, প্রতিরোধও করতে পারে নি। (৪৬) আর পূর্বে নূহের সম্প্রদায়েরও এরূপ অবস্থা হয়েছিল,

كَانُوا قَوْمًا فَاسِقِينَ ﴿٤٧﴾ وَالسَّمَاءَ بَنَيْنَاهَا بِأَيْدٍ وَإِنَّا لَمُوسِعُونَ ﴿٤٨﴾ وَالْأَرْضَ

ক্বা-নূ ক্বওমান্ ফা-সিক্বীন্। ৪৭। অস্সামা — য়া বানাইনা-হা- বিআইদিঁও অইন্না লামূসি'ঊন্। ৪৮। অল্আর্দ্বোয়া
তারা ফাসেক ছিল। (৪৭) আর আমি স্বীয় ক্ষমতাবলে আকাশ সৃষ্টি করেছি এবং আমিই সম্প্রসারক, (৪৮) আর ভূমিকে

فَرَشْنَاهَا فَنِعْمَ الْمَاهِدُونَ ﴿٤٩﴾ وَمِن كُلِّ شَيْءٍ خَلَقْنَا زَوْجَيْنِ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ ﴿٤٩﴾

ফারশ্না-হা- ফানি'মাল্ মা-হিদূন্। ৪৯। অমিন্ কুল্লি শাইয়িন্ খলাক্ব্না-যাওজ্বাইনি লা'আল্লাকুম্ তাযাক্কারূন্।
বিছিয়েছি, কত উত্তমভাবে বিছিয়েছি।(৪৯) আর প্রত্যেক বস্তুর জোড়া সৃষ্টি করেছি, যেন তোমরা উপদেশ গ্রহণ করতে সক্ষম হও।

فَفِرُّوا إِلَى اللَّهِ ۖ إِنِّي لَكُم مِّنْهُ نَذِيرٌ مُّبِينٌ ﴿٥٠﴾ وَلَا تَجْعَلُوا مَعَ اللَّهِ

৫০। ফাফির্রূ ~ ইলাল্লা-হ্; ইন্নী লাকুম্ মিন্হু নাযীরুম্ মুবীন্। ৫১। অলা- তাজ্'আলূ মা'আল্লা-হি
(৫০) সুতরাং তোমরা আল্লাহর দিকে দ্রুত ধাবিত হও, আমি তোমাদের জন্য স্পষ্ট সাবধানকারী। (৫১) এবং আল্লাহর

إِلَٰهًا آخَرَ ۖ إِنِّي لَكُم مِّنْهُ نَذِيرٌ مُّبِينٌ ﴿٥١﴾ كَذَٰلِكَ مَا أَتَى الَّذِينَ مِن

ইলা-হান্ আ-খর্; ইন্নী লাকুম্ মিন্হু নাযীরুম্ মুবীন্। ৫২। কাযা-লিকা মা ~ আতাল্ লাযীনা মিন্
সঙ্গে অন্য ইলাহ্ সাব্যস্ত করো না, আমি তাঁর পক্ষ থেকে তোমাদের জন্য স্পষ্ট সতর্ককারী। (৫২) এভাবে, পূর্ববর্তীদের

قَبْلِهِم مِّن رَّسُولٍ إِلَّا قَالُوا سَاحِرٌ أَوْ مَجْنُونٌ ﴿٥٢﴾ أَتَوَاصَوْا بِهِ ۚ بَلْ هُمْ قَوْمٌ

ক্বব্লিহিম্ মির্ রসূলিন্ ইল্লা-ক্বা-লূ সা-হিরুন্ আও মাজ্নূন্। ৫৩। আতাওয়া ছোয়াও বিহী বাল্ হুম্ ক্বওমুন্
কাছে রাসূল আসলেই বলত, যাদুকর বা উন্মাদ। (৫৩) তারা কি একে অপরকে উপদেশই দিয়েছে? বরং তারা অবাধ্য

طَاغُونَ ﴿٥٣﴾ فَتَوَلَّ عَنْهُمْ فَمَا أَنتَ بِمَلُومٍ ﴿٥٤﴾ وَذَكِّرْ فَإِنَّ الذِّكْرَىٰ تَنفَعُ

ত্বোয়া-গূন্। ৫৪। ফাতাওয়াল্লা 'আনহুম্ ফামা ~ আন্তা বিমালূম্। ৫৫। অযাক্কির্ ফাইন্নায্ যিক্রা তান্ফা'উল্
সম্প্রদায়। (৫৪) তাদেরকে উপেক্ষা করুন, আপনি অভিযুক্ত নন। (৫৫) উপদেশ দিন, কেননা, উপদেশ মু'মিনদের জন্য

الْمُؤْمِنِينَ ﴿٥٥﴾ وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالْإِنسَ إِلَّا لِيَعْبُدُونِ ﴿٥٦﴾ مَا أُرِيدُ مِنْهُم

মু"মিনীন্। ৫৬। অমা-খলাক্ব্তুল্ জ্বিন্না অল্ ইন্সা ইল্লা-লিইয়া'বুদূন্। ৫৭। মা ~ উরীদু মিন্হুম্
উপকার। (৫৬) আর আমি জিন্ ও মানুষকে কেবলমাত্র আমার ইবাদাতের জন্যই সৃষ্টি করেছি। (৫৭) আমি তাদের কাছে

مِنْ رِزْقٍ وَمَا أُرِيدُ أَنْ يُطْعِمُونِ ﴿٥٧﴾ إِنَّ اللَّهَ هُوَ الرَّزَّاقُ ذُو الْقُوَّةِ

মির্ রিয্‌ক্বিও অমা ~ উরীদু আইঁ ইয়ুত্ব্ ‘ইমূন্। ৫৮। ইন্নাল্লা-হা হুওয়ার্ রয্‌যা-ক্বু যুল্ ক্বু ওয়্যাতিল্

রিযিক্ চাই না; আর এটাও কামনা করি না যে, আমাকে তারা খাওয়াবে। (৫৮) নিশ্চয় আল্লাহ্ই আমার রিযিক্‌দাতা,

الْمَتِينُ ﴿٥٨﴾ فَإِنَّ لِلَّذِينَ ظَلَمُوا ذَنُوبًا مِثْلَ ذَنُوبِ أَصْحَابِهِمْ فَلَا

মাতীন্। ৫৯। ফাইন্না লিল্লাযীনা জোয়ালামূ যানূবাম্ মিছ্‌লা যানূবি আছ্‌হা-বিহিম্ ফালা-

অসীম শক্তিধর। (৫৯) অতঃপর যারা তাদের অতীত সহচর তাদের মত জালিমদের জন্য যোগ্য অংশ নির্ধারিত আছে,

৩ ع ১৪ ২ রুকু

يَسْتَعْجِلُونِ ﴿٥٩﴾ فَوَيْلٌ لِلَّذِينَ كَفَرُوا مِنْ يَوْمِهِمُ الَّذِي يُوعَدُونَ ﴿٦٠﴾

ইয়াস্‌তা‘জিলূন্। ৬০। ফাওয়াইলুল লিল্লাযীনা কাফারূ মিঁই ইয়াওমিহিমুল্ লাযী ইয়ূ‘আদূন্।

তাদের তাড়াহুড়া করা উচিৎ নয়। (৬০) অতএব যারা প্রতিশ্রুত দিনটি অস্বীকার করে তাদের জন্য বড়ই আক্ষেপ।

সূরা ত্বূর্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৪৯
রুকূ ঃ ২

وَالطُّورِ ﴿١﴾ وَكِتَابٍ مَسْطُورٍ ﴿٢﴾ فِي رَقٍّ مَنْشُورٍ ﴿٣﴾ وَالْبَيْتِ الْمَعْمُورِ ﴿٤﴾

১। অত্ব্ ত্বূরি। ২। অকিতা-বিম্ মাস্‌ত্বূরিন্। ৩। ফী রাক্ব্ ক্বিম্ মান্‌শূরিঁও। ৪। অল্‌বাইতিল্ মা‘মূরি

(১) কসম্ তূরে,(২) আর সেই লিখিত কিতাবের, (৩) যা খোলা কাগজে আছে, (৪) আর কসম্ বায়তুল মা‘মূরের,

وَالسَّقْفِ الْمَرْفُوعِ ﴿٥﴾ وَالْبَحْرِ الْمَسْجُورِ ﴿٦﴾ إِنَّ عَذَابَ رَبِّكَ لَوَاقِعٌ ﴿٧﴾

৫। অস্‌সাক্ব্ ফিল্ মার্‌ফূ‘ই। ৬। অল্‌বাহ্‌রিল্ মাস্‌জ্বূরি। ৭। ইন্না ‘আযা-বা রব্বিকা লাওয়া-ক্বি‘উম্।

(৫) কসম্ সমুন্নত ছাদের (আকাশের), (৬) আর কসম্ উত্তাল সমুদ্রের। (৭) নিশ্চয়ই আপনার রবের শাস্তি অবধারিত,

مَا لَهُ مِنْ دَافِعٍ ﴿٨﴾ يَوْمَ تَمُورُ السَّمَاءُ مَوْرًا ﴿٩﴾ وَتَسِيرُ الْجِبَالُ سَيْرًا ﴿١٠﴾ فَوَيْلٌ

৮। মা-লাহূ মিন্ দা-ফি‘ই, ৯। ইয়াওমা তামূরুস্ সামা — য়ু মাওরাঁও। ১০। অতাসীরুল্ জ্বিবা-লু সাইর-। ১১। ফাওয়াইলুঁই

(৮) কোন প্রতিরোধকারী নেই। (৯) যেদিন আকাশ ঘুরবে, (১০) এবং পর্বতসমূহ দ্রুত চলতে থাকবে, (১১) অনন্তর সেদিন

يَوْمَئِذٍ لِلْمُكَذِّبِينَ ﴿١١﴾ الَّذِينَ هُمْ فِي خَوْضٍ يَلْعَبُونَ ﴿١٢﴾ يَوْمَ يُدَعُّونَ

ওয়াক্‌ফে লাযেম

ইয়াওমায়িযিল্ লিল্‌মুকায্‌যিবীনা। ১২। ল্লাযীনা হুম্ ফী খাওদ্বিই ইয়াল্‌‘আবূন্। ১৩। ইয়াওমা ইয়ুদা‘উ না

যারা মিথ্যাশ্রয়ী তাদের জন্য বড়ই দুর্ভোগ, (১২) যারা অসার খেলায় অনর্থক মত্ত থাকে। (১৩) যেদিন ধাক্কিয়ে তাদেরকে

إِلَىٰ نَارِ جَهَنَّمَ دَعًّا ﴿١٣﴾ هَٰذِهِ النَّارُ الَّتِي كُنْتُمْ بِهَا تُكَذِّبُونَ ﴿١٤﴾ أَفَسِحْرٌ هَٰذَا

ইলা-না-রি জ্বাহান্নামা দাআ। ১৪। হা-যিহিন্ না-রুল্লাতী কুন্‌তুম্ বিহা-তুকায্‌যিবূন্। ১৫। আফাসিহ্‌রুন্ হা-যা ~

জাহান্নামে নেয়া হবে,(১৪) এবং বলা হবে এ তো সে আগুন যা তোমরা অস্বীকার করতে। (১৫) এটা কি যাদু, না তোমরা

أَمْ أَنتُمْ لَا تُبْصِرُونَ ﴿١٦﴾ اصْلَوْهَا فَاصْبِرُوا أَوْ لَا تَصْبِرُوا سَوَاءٌ عَلَيْكُمْ

আম্ আন্তুম্ লা-তুব্ছিরূন্। ১৬। ইছ্লাওহা-ফাছ্বিরূ ~ আওলা তাছ্বিরূ সাওয়া — য়ুন্ 'আলাইকুম্;
দেখতে পাচ্ছ না? (১৬) প্রবেশ কর, ধৈর্য ধারণ কর আর না কর, সবই তোমাদের পক্ষে সমান; নিশ্চয়ই তোমাদেরকে

إِنَّمَا تُجْزَوْنَ مَا كُنتُمْ تَعْمَلُونَ ﴿١٧﴾ إِنَّ الْمُتَّقِينَ فِي جَنَّاتٍ وَنَعِيمٍ ﴿١٨﴾ فَاكِهِينَ

ইন্নামা তুজ্ যাওনা মা-কুন্তুম্ তা'মালূন্। ১৭। ইন্নাল্ মুত্তাক্বীনা ফী জ্বান্না-তিঁও অনা'ঈম্।১৮। ফা-কিহীনা
তোমাদের কৃতকর্মের ফলই দেয়া হচ্ছে। (১৭) নিশ্চয়ই মুত্তাকীরা থাকবে জান্নাতে ও নিয়ামতের মধ্যে, (১৮) অতঃপর তারা

بِمَا آتَاهُمْ رَبُّهُمْ وَوَقَاهُمْ رَبُّهُمْ عَذَابَ الْجَحِيمِ ﴿١٩﴾ كُلُوا وَاشْرَبُوا هَنِيئًا

বিমা ~ আ-তা-হুম্ রব্বুহুম্ অ ওয়াক্বা-হুম্ রব্বুহুম্ আযা-বাল্ জ্বাহীম্। ১৯। কুলূ অশ্রবূ হানী — য়াম্
তাদের রবের দেয়া নিয়ামত নিয়ে আনন্দে থাকবে, তিনি তাদেরকে জাহান্নামের শাস্তি হতে রক্ষা করবেন। (১৯) তোমরা তৃপ্তির

بِمَا كُنتُمْ تَعْمَلُونَ ﴿٢٠﴾ مُتَّكِئِينَ عَلَىٰ سُرُرٍ مَصْفُوفَةٍ وَزَوَّجْنَاهُمْ بِحُورٍ عِينٍ

বিমা-কুন্তুম্ তা'মালূন্। ২০। মুত্তাকিয়ীনা 'আলা-সুরুরিম্ মাছ্ফূ ফাতিন্ অযাওওয়াজ্না-হুম্ বিহূরিন্ 'ঈন্।
সাথে পানাহার কর কর্মের বিনিময়ে।(২০) হেলান দিয়ে তারা সারিবদ্ধভাবে বসবে, তাদেরকে সুনয়না সুন্দরী হূরের সঙ্গে মিলাব।

وَالَّذِينَ آمَنُوا وَاتَّبَعَتْهُمْ ذُرِّيَّتُهُم بِإِيمَانٍ أَلْحَقْنَا بِهِمْ ذُرِّيَّتَهُمْ وَمَا ﴿٢١﴾

২১। অল্লাযীনা আ-মানূ অত্তাবা'আত্ হুম্ যুর্রিয়্যাতুহুম্ বিঈমা-নিন্ আল্হাক্ব্না-বিহিম্ যুর্রিয়্যাতাহুম্ অমা ~
(২১) আর যারা ঈমান আনে, এবং তাদের সন্তানরা তাদের অনুসরণ করে, তাদের সঙ্গে সন্তানদের শামিল করে দেব;

أَلَتْنَاهُم مِّنْ عَمَلِهِم مِّن شَيْءٍ ۚ كُلُّ امْرِئٍ بِمَا كَسَبَ رَهِينٌ ﴿٢١﴾ وَأَمْدَدْنَاهُم

আলাত্না-হুম্ মিন্ 'আমালিহিম্ মিন্ শাইয়িন্; কুল্লুম্ রিয়িম্ বিমা-কাসাবা রাহীন্। ২২। অআম্দাদ্না-হুম্
তাদের কর্মফল হতে আমি কিছুই কমাব না, প্রত্যেকে স্বীয় (কুফুরী) কর্মের জন্য দায়ী। (২২) আর আমি তাদেরকে

بِفَاكِهَةٍ وَلَحْمٍ مِّمَّا يَشْتَهُونَ ﴿٢٢﴾ يَتَنَازَعُونَ فِيهَا كَأْسًا لَّا لَغْوٌ فِيهَا وَلَا تَأْثِيمٌ

বিফা-কিহাতিঁও অলাহ্মিম্ মিম্মা-ইয়াশ্তাহূন্। ২৩। ইয়াতানা-যা'উনা ফীহা-কা'সাল্ লা-লাগ্ওয়ুন্ ফীহা-অলা-তা'ছীম্।
তাদের পছন্দমত ফলমূল ও গোশ্ত দেব। (২৩) তারা পরস্পর পানপাত্র আদান প্রদান করবে, তাতে প্রলাপ ও পাপ নেই।

وَيَطُوفُ عَلَيْهِمْ غِلْمَانٌ لَّهُمْ كَأَنَّهُمْ لُؤْلُؤٌ مَّكْنُونٌ ﴿٢٣﴾ وَأَقْبَلَ بَعْضُهُمْ

২৪। অইয়াত্বূফু 'আলাইহিম্ গিল্মা-নুল্লাহুম্ কায়ান্নাহুম্ লু'লুয়ুম্ মাক্নূন্। ২৫। অআক্ব্বালা বা'দ্বুহুম্
(২৪) তাদের সেবায় নিয়োজিত রক্ষিত মুক্তার মত কিশোররা আশেপাশে ঘুরবে। (২৫) আর একে অন্যের দিকে এসে

عَلَىٰ بَعْضٍ يَتَسَاءَلُونَ ﴿٢٤﴾ قَالُوا إِنَّا كُنَّا قَبْلُ فِي أَهْلِنَا مُشْفِقِينَ ﴿٢٥﴾ فَمَنَّ

'আলা-বা'দ্বি ইয়াতাসা — য়ালূন্। ২৬। ক্বূ ~ ইন্না-কুন্না-ক্বব্লু ফী ~ আহ্লিনা মুশ্ফিক্বীন্। ২৭। ফামান্ না
জিজ্ঞাসা করবে। (২৬) বলবে, পূর্বে নিজেদের পরিবারে খুব ভিত অবস্থায় ছিলাম। (২৭) অনন্তর আল্লাহ আমাদের প্রতি

اللهُ عَلَيْنَا وَوَقٰنَا عَذَابَ السَّمُوْمِ ۝٢٨ اِنَّا كُنَّا مِنْ قَبْلُ نَدْعُوْهُ ط اِنَّهٗ هُوَ

ল্লা-হু 'আলাইনা-অঅক্বা-না 'আযা-বাস্ সামূম্। ২৮। ইন্না-কুন্না- মিন্ ক্বব্লু নাদ্'উহূ; ইন্নাহূ হুওয়াল্

অনুগ্রহ ও দয়া করলেন, আমাদেরকে জাহান্নামের আগুন হতে রক্ষা করলেন।(২৮) আমরা পূর্বেও তাকে ডাকতাম, তিনি

১ ع ২৮ ৩ রুকু

الْبَرُّ الرَّحِيْمُ ۝٢٩ فَذَكِّرْ فَمَآ اَنْتَ بِنِعْمَتِ رَبِّكَ بِكَاهِنٍ وَّلَا مَجْنُوْنٍ *

বার্‌রুর্ রহীম্। ২৯। ফাযাক্কির্ ফামা ~ আন্‌তা বিনি' মাতি রব্বিকা বিকা- হিনিঁও অলা-মাজ্‌নূন্।

বড়ই উপকারী, দয়ালু। (২৯) সুতরাং আপনি উপদেশ দিতে থাকুন, আপনার রবের অনুগ্রহে আপনি না গণক, না উন্মাদ।

۝٣٠ اَمْ يَقُوْلُوْنَ شَاعِرٌ نَّتَرَبَّصُ بِهٖ رَيْبَ الْمَنُوْنِ ۝٣١ قُلْ تَرَبَّصُوْا فَاِنِّىْ مَعَكُمْ

৩০। আম্ ইয়াক্বূলূনা শা-'ইরুন্ নাতারাব্‌বাছু বিহী রইবাল্ মানূন্। ৩১। ক্বুল্ তারব্বাছূ ফাইন্নী মা'আকুম্

(৩০) না কি তারা বলে থাকে যে, তিনি একজন কবি? তার জন্য কালচক্রের অপেক্ষায় আছি।(৩১) তাদেরকে বলুন, তোমরা

مِّنَ الْمُتَرَبِّصِيْنَ ۝٣٢ اَمْ تَاْمُرُهُمْ اَحْلَامُهُمْ بِهٰذَآ اَمْ هُمْ قَوْمٌ طَاغُوْنَ *

মিনাল্ মুতারব্বিছীন্। ৩২। আম্ তা"মুরুহুম্ আহ্‌লা-মুহুম্ বিহা-যা ~ আম্ হুম্ ক্বওমুন্ ত্বোয়া-গূন্।

প্রতীক্ষা কর, আমরাও প্রতীক্ষায় আছি। (৩২) বা তাদের বুদ্ধিই কি তাদেরকে এরূপ প্ররোচিত করে, না কি তারা দুর্বৃত্ত জাতি।

۝٣٣ اَمْ يَقُوْلُوْنَ تَقَوَّلَهٗ ج بَلْ لَّا يُؤْمِنُوْنَ ۝٣٤ فَلْيَاْتُوْا بِحَدِيْثٍ مِّثْلِهٖٓ

৩৩। আম্ ইয়াক্বূলূনা তাক্বওয়ালাহূ বাল্ লা- ইয়ু"মিনূন্। ৩৪। ফাল্‌ইয়া"তূ বিহাদীছিম্ মিছ্‌লিহী ~

(৩৩) অথবা তারা বলে যে, এটা তার রচিত কোরআন, বরং বিশ্বাস এরা করে না। (৩৪) তবে তোমরা এরূপ কোন

اِنْ كَانُوْا صٰدِقِيْنَ ۝٣٥ اَمْ خُلِقُوْا مِنْ غَيْرِ شَيْءٍ اَمْ هُمُ الْخٰلِقُوْنَ ۝٣٦ اَمْ خَلَقُوا

ইন্ কা-নূ ছোয়া-দিক্বীন্। ৩৫। আম্ খুলিক্বূ মিন্ গইরি শাইয়িন্ আম্ হুমুল্ খ-লিক্বূন্। ৩৬। আম্ খলাক্বুস্

রচনা আনয়ন কর, যদি তোমরা সত্যবাদী হও। (৩৫) তারা কি বস্তু ছাড়াই সৃষ্ট, না তারাই স্রষ্টা? (৩৬) অথবা তারা কি সৃষ্টি

السَّمٰوٰتِ وَالْاَرْضَ ج بَلْ لَّا يُوْقِنُوْنَ ۝٣٧ اَمْ عِنْدَهُمْ خَزَآئِنُ رَبِّكَ اَمْ هُمُ

সামা-ওয়া-তি অল্‌আর্‌দ্বোয়া বাল্ লা-ইয়ূক্বিনূন্। ৩৭। আম্ 'ইন্‌দাহুম্ খাযা — য়িনু রব্বিকা আম্ হুমুল্

করেছে আসমান-ও যমীন? বরং তারা অবিশ্বাসী। (৩৭) আপনার রবের ভাণ্ডারসমূহ কি তাদের নিকট রয়েছে, নাকি

শানেনুযূল ঃ আয়াতঙ২৯ ঃ আল্লাহ তা'আলার সত্য দ্বীন যখন উত্তরোত্তর উন্নতির দিকে ধাবিত হতে লাগল, তখন আরবের মুশরিকরা হজ্জ করতে আসা লোকদের পথে বসে আগতদের নিকট প্রচার আরম্ভ করল, যে লোকটি মক্কায় নবুওয়াতের দাবি করছে, সে একজন গণক বা উন্মাদ ব্যক্তি। উদ্দেশ্য নবাগতরা যেন নবী কারীম (ছঃ)-এর বশে না আসে। নবী করীম (ছঃ)-এর নিকট তাদের এ সমস্ত হীন কর্মসমূহ মর্মন্তুদ হতে ছিল। তাই আল্লাহপাক নবী কারীম (ছঃ)-কে সান্ত্বনা দানের নিমিত্তে আয়াতটি নাযিল করেন।

আয়াত-৩০ ঃ কোরাইশ কাফেররা দারুন্ নাদওয়াতে সমবেত হয়ে নবী কারীম (ছঃ)-কে কষ্ট দেয়ার জন্য বিভিন্ন পরিকল্পনা ও সিদ্ধান্ত গ্রহণ করে এবং বলে, তাকে চির আবদ্ধ করা হোক, যেন প্রাচীন কবি যুহাইর ও নাবেগার ন্যায় ধুকে ধুকে মরে এবং আমরাও নিষ্কৃতি পাই। এ প্রেক্ষিতে এ আয়াতটি নাযিল হয়।

আয়াত- ৩৩ ঃ এ আয়াতে আল্লাহ তা'আলা অবিশ্বাসীদেরকে দৃঢ়তার সাথে বলেছেন, যারা বলে যে, এ কোরআন কবির রচনা অথবা গণকের বাক্য, তারা এর অনুরূপ কোন একটি অথবা উৎকৃষ্টতর বাক্য আনয়ন করুক। বলা বাহুল্য, কোরআন শরীফে অবিশ্বাসীদেরকে একাধিকবার আহ্বান করা সত্ত্বেও তারা এর অনুরূপ কোন চমৎকার বাক্য রচনা করতে সমর্থ হয় নি।

الْمُصَيْطِرُونَ ﴿٣٧﴾ أَمْ لَهُمْ سُلَّمٌ يَسْتَمِعُونَ فِيهِ ۖ فَلْيَأْتِ مُسْتَمِعُهُمْ بِسُلْطَانٍ مُبِينٍ ۞

মুসাইত্বিরূন্। ৩৮। আম্ লাহুম্ সুল্লামুই ইয়াস্তামিউ'না ফীহি ফাল্ ইয়া'তি মুসতামিউ'হুম্ বিসুল্ত্বোয়া-নিম্ মুবীন্।
নিয়ন্তা? (৩৮) না কি তাদের সিঁড়ি আছে, যাতে আরোহণ করে শুনে? তবে সে শ্রোতা যেন প্রকাশ্য প্রমাণ হাযির করে।

﴿٣٩﴾ أَمْ لَهُ الْبَنَاتُ وَلَكُمُ الْبَنُونَ ﴿٤٠﴾ أَمْ تَسْأَلُهُمْ أَجْرًا فَهُمْ مِنْ مَغْرَمٍ مُثْقَلُونَ ۞

৩৯। আম্ লাহুল্ বানা-তু অলাকুমুল্ বানূন্। ৪০। আম্ তাস্য়ালুহুম্ আজ্ব্রন্ ফাহুম্ মিম্ মাগ্রমিম্ মুছ্ক্বালূন্।
(৩৯) তাঁর জন্য কি মেয়ে, আর তোমাদের জন্য ছেলে? (৪০) নাকি তাদের কাছে তুমি পারিশ্রমিক চাও যে, তারা বোঝা মনে করে?

﴿٤١﴾ أَمْ عِنْدَهُمُ الْغَيْبُ فَهُمْ يَكْتُبُونَ ﴿٤٢﴾ أَمْ يُرِيدُونَ كَيْدًا ۖ فَالَّذِينَ كَفَرُوا

৪১। আম্ ই'ন্দাহুমুল্ গাইবু ফাহুম্ ইয়াক্তুবূন্। ৪২। আম্ ইয়ুরীদূনা কাইদা-; ফাল্লাযীনা কাফারূ
(৪১) নাকি গায়েবের ইলম্ আছে যে, তারা তা লিখে রাখে? (৪২) নাকি তারা কোন ষড়যন্ত্র করতে চায়? অবশেষে কাফেররা

هُمُ الْمَكِيدُونَ ﴿٤٣﴾ أَمْ لَهُمْ إِلَٰهٌ غَيْرُ اللَّهِ ۚ سُبْحَانَ اللَّهِ عَمَّا يُشْرِكُونَ ﴿٤٤﴾ وَإِنْ يَرَوْا

হুমুল্ মাকীদূন্। ৪৩। আম্ লাহুম্ ইলা-হুন্ গাইরুল্লা-হ্; সুব্হা-না ল্লা-হি 'আম্মা ইয়ুশ্রিকূন্। ৪৪। অ ইঁ ইয়ারাও
নিজেরাই হবে প্রতারিত। (৪৩) নাকি আল্লাহ ছাড়া তাদের আর কোন ইলাহ আছে? আল্লাহ শির্ক মুক্ত। (৪৪) আকাশের

كِسْفًا مِنَ السَّمَاءِ سَاقِطًا يَقُولُوا سَحَابٌ مَرْكُومٌ ﴿٤٥﴾ فَذَرْهُمْ حَتَّىٰ يُلَاقُوا يَوْمَهُمُ

কিস্ফাম্ মিনাস্ সামা — য়ি সা-ক্বিত্বোয়াইঁ ইয়াক্বূলূ সাহা-বুম্ মারকূম্। ৪৫। ফাযারহুম্ হাত্তা- ইয়ুলা-কূ ইয়াওমাহুমুল্
কোন খণ্ড পড়তে দেখলে বলবে যে, জমাট বাঁধা মেঘ। (৪৫) সুতরাং আপনি ততদিন তাদেরকে উপেক্ষা করান, বজ্রাঘাতে

الَّذِي فِيهِ يُصْعَقُونَ ﴿٤٦﴾ يَوْمَ لَا يُغْنِي عَنْهُمْ كَيْدُهُمْ شَيْئًا وَلَا هُمْ يُنْصَرُونَ ﴿٤٧﴾ وَإِنَّ

লাযী ফীহি ইয়ুছ্ 'আক্বূন্। ৪৬। ইয়াওমা লা-ইয়ুগ্নী 'আন্হুম্ কাইদুহুম্ শাইয়াঁও অলা হুম্ ইয়ুন্ছোয়ারূন্। ৪৭। অ ইন্না
আক্রান্ত হওয়া পর্যন্ত। (৪৬) সেদিন প্রতারণা তাদের কোন কাজে আসবে না, তারা কোন সাহায্যও পাবে না। (৪৭) এ ছাড়াও

لِلَّذِينَ ظَلَمُوا عَذَابًا دُونَ ذَٰلِكَ وَلَٰكِنَّ أَكْثَرَهُمْ لَا يَعْلَمُونَ ﴿٤٨﴾ وَاصْبِرْ لِحُكْمِ رَبِّكَ فَإِنَّكَ

লিল্লাযীনা জোয়ালামূ 'আযা-বান্ দূনা যা-লিকা অলা-কিন্না আক্ছারহুম্ লা-ইয়া'লামূন্। ৪৮। অছ্বির্ লিহুক্মি রব্বিকা ফাইন্নাকা
জালিমদের জন্য আরো শাস্তি আছে, কিন্তু অনেকেই জানে না। (৪৮) রবের নির্দেশের জন্য ধৈর্য ধরুন, আপনি আমার দৃষ্টিতে

بِأَعْيُنِنَا وَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ حِينَ تَقُومُ ﴿٤٩﴾ وَمِنَ اللَّيْلِ فَسَبِّحْهُ وَإِدْبَارَ النُّجُومِ ۞

বিআ'ইয়ুনিনা-অসাব্বিহ্ বিহাম্দি রব্বিকা হীনা তাক্বূম্। ৪৯। অ মিনাল্লাইলি ফাসাব্বিহ্হু অইদ্বা-রন্ নুজূম্
আছেন, আপনি যখন নিদ্রা থেকে ওঠেন আপনার রবের প্রশংসা মহিমা করুন(৪৯) রাতে মহিমা করুন, আর তারা নক্ষত্র ডুবলে

২ ع ২১ ৪ রুকু

শানেনুযূল ঃ আয়াত-৪৪ ঃ কোরাইশ নেতা আবূ জাহেল বলেছিল, এ কোরআন ও দ্বীন সত্য হলে আল্লাহ আমাদের উপর আকাশ হতে প্রস্তর বৃষ্টি বর্ষণ করুক। অথবা অন্য কোন শাস্তি প্রদান করুক। যাতে আমরা এ দ্বীনের সত্যতা উপলব্ধি করতে পারি। এভাবে কয়েকজন কোরাইশ নেতা বলেছিল, আমাদের উপর যদি আসমানের একখণ্ড ভেঙেও পড়ে, তবু আমরা কোরআনের উপর বিশ্বাস স্থাপন করব না। এ প্রেক্ষিতে অত্র আয়াত নাযিল হয়। আল্লাহ বলেন, তাদেরকে তাদের অবস্থায় ছেড়ে দিন। এখন আর তাদেরকে উপদেশ দেয়ার সময় নেই। নির্ধারিত সময়ে শাস্তি আসলে দুনিয়াতেও শাস্তি প্রাপ্ত হবে এবং আখেরাতেও স্থায়ী শাস্তিতে আটক থাকবে। আল্লাহ্র ওয়াদা অক্ষরে অক্ষরে সত্য। দুনিয়ার শাস্তি তো বদর যুদ্ধে ভুগল। (ইবঃ কাঃ)

সূরা নাজ্‌ম্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৬২
রুকূ ঃ ৩

۝١ وَالنَّجْمِ اِذَا هَوٰى ۝٢ مَا ضَلَّ صَاحِبُكُمْ وَمَا غَوٰى ۝٣ وَمَا يَنْطِقُ عَنِ

১। অন্নাজ্‌মি ইযা-হাওয়া-। ২। মা-দ্বোয়াল্লা-ছোয়া-হিবুকুম্ অমা-গাওয়া-। ৩। অমা-ইয়ান্‌ত্বিকু 'আনিল্
(১) কসম নক্ষত্রসমূহের, যখন তা অস্ত যায়। (২) তোমাদের সাথী ভ্রষ্টনয়, আর বিপথগামীও নয়; (৩) আর সে মনগড়া কথা

الْهَوٰى ۝٤ اِنْ هُوَ اِلَّا وَحْیٌ يُّوْحٰى ۝٥ عَلَّمَهٗ شَدِيْدُ الْقُوٰى ۝٦ ذُوْ مِرَّةٍ ؕ

হাওয়া-। ৪। ইন্ হুওয়া ইল্লা-ওয়াহ্‌ইয়ুঁই ইয়ূহা-। ৫। 'আল্লামাহূ শাদীদুল্ ক্বুওয়া-। ৬। যূ-মির্‌রাহ্;
বলে না; (৪) এটা তার কাছে আসা প্রত্যাদেশ, (৫) মহাশক্তি জিবরাঈল (আঃ) তাকে শিক্ষা দেয় (৬) মহাশক্তিধর,

فَاسْتَوٰى ۝٧ وَهُوَ بِالْاُفُقِ الْاَعْلٰى ۝٨ ثُمَّ دَنَا فَتَدَلّٰى ۝٩ فَكَانَ قَابَ قَوْسَيْنِ اَوْ

ফাস্‌তাওয়া-। ৭। অহুওয়া বিল্‌উফুক্বিল্ 'আলা-।৮। ছুম্মা দানা-ফাতাদাল্লা-। ৯। ফাকা-না ক্ব-বা ক্বাওসাইনি আও
পূর্ণাঙ্গ, (৭) আর সে উর্ধ্ব দিগন্তে ছিল, (৮) পরে নিকটে আসল, আরও নিকটে, (৯) অনন্তর দু'ই ধনুক তদপেক্ষা আরও কম

اَدْنٰى ۝١٠ فَاَوْحٰٓى اِلٰى عَبْدِهٖ مَآ اَوْحٰى ۝١١ مَا كَذَبَ الْفُؤَادُ مَا رَاٰى *

আদ্‌না-। ১০। ফাআওহা ~ ইলা-'আব্‌দিহী মা ~ আওহা-। ১১। মা-কাযাবাল্ ফুয়া-দু মা-রায়া-
ব্যবধান রইল, (১০)তখন আল্লাহ বান্দাহ্‌র কাছে প্রত্যাদেশ অবতীর্ণ করলেন। (১১) যা দেখল তাকে মিথ্যা মনে করে নি।

۝١٢ اَفَتُمٰرُوْنَهٗ عَلٰى مَا يَرٰى ۝١٣ وَلَقَدْ رَاٰهُ نَزْلَةً اُخْرٰى ۝١٤ عِنْدَ سِدْرَةِ الْمُنْتَهٰى *

১২। আফাতুমা-রূনাহূ 'আলা-মা-ইয়ারা-।১৩। অলাক্বদ্ রায়া-হু নায্‌লাতান্ উখ্‌রা-।১৪। 'ইন্‌দা সিদ্‌রতিল্ মুন্‌তাহা-।
(১২) সে যা দেখল তা নিয়ে কি তর্ক করবে? (১৩) সে আর একবারও দেখে ছিল, (১৪) প্রান্তের কুল বৃক্ষের কাছে,

۝١٥ عِنْدَهَا جَنَّةُ الْمَاْوٰى ۝١٦ اِذْ يَغْشَى السِّدْرَةَ مَا يَغْشٰى ۝١٧ مَا زَاغَ الْبَصَرُ وَمَا

১৫। 'ইন্‌দাহা-জ্বান্নাতুল্ মা''ওয়া-। ১৬। ইয্ ইয়াগ্‌শাস্ সিদ্‌রতা মা-ইয়াগ্‌শা-। ১৭। মা-যা-গল্ বাছোয়ারু অমা-
(১৫) যার কাছে অবস্থিত আবাস-জান্নাত, (১৬) কুল আচ্ছাদন যোগ্য জিনিস দিয়ে আচ্ছাদিত, (১৭) তখন তার দৃষ্টিভ্রম ও লক্ষ্যচ্যুত

طَغٰى ۝١٨ لَقَدْ رَاٰى مِنْ اٰيٰتِ رَبِّهِ الْكُبْرٰى ۝١٩ اَفَرَءَيْتُمُ اللّٰتَ وَالْعُزّٰى *

ত্বোয়াগা-।১৮। লাক্বদ্ রয়া-মিন্ আ-ইয়া-তি রব্বিহিল্ কুব্‌র-। ১৯। আফারয়াইতুমুল্ লা-তা অল্ উ'য্‌যা-।
হয় নি। (১৮) সে তার রবের বড় বড় নিদর্শনসমূহ দেখেছে, তোমরা কি ভেবেছ (১৯) লাত ও উয্‌যাকে ভেবে দেখেছ?

۝٢٠ وَمَنٰوةَ الثَّالِثَةَ الْاُخْرٰى ۝٢١ اَلَكُمُ الذَّكَرُ وَلَهُ الْاُنْثٰى ۝٢٢ تِلْكَ اِذًا قِسْمَةٌ

২০। অ মানা-তাছ্ ছা-লিছাতাল্ উখ্‌র-। ২১। আলাকুমুয্ যাকারু অলাহুল্ উন্‌ছা-। ২২। তিল্‌কা ইযান্ ক্বিস্‌মাতুন্
(২০) অন্য তৃতীয় মানাতকেও? (২১) তোমাদের জন্য কি পুত্র, তার জন্য কি কন্যা? (৬) (২২) এটা তো অযৌক্তিক

ضِيزَىٰ ﴿٢٢﴾ إِنْ هِيَ إِلَّا أَسْمَاءٌ سَمَّيْتُمُوهَا أَنتُمْ وَآبَاؤُكُم مَّا أَنزَلَ اللَّهُ بِهَا

দ্বীযা- ।২৩। ইন্ হিয়া ইল্লা ~ আস্মা — য়ুন্ সাম্মাইতুমূ হা ~ আন্তুম্ অআ-বা — য়ুকুম্ মা ~ আন্ যালা ল্লা-হু বিহা-

বন্টন। (২৩) এগুলো তো শুধু নাম, যা তোমাদের পূর্ববর্তীরা ও তোমরা রেখেছ, যার সমর্থনে আল্লাহ কোন

مِن سُلْطَانٍ ۚ إِن يَتَّبِعُونَ إِلَّا الظَّنَّ وَمَا تَهْوَى الْأَنفُسُ ۖ وَلَقَدْ جَاءَهُم مِّن رَّبِّهِمُ

মিন্ সুল্ত্বোয়া-ন্; ইঁ ইয়াত্তাবিউ'না ইল্লাজ্জোয়ান্না অমা-তাহ্ওয়াল্ আন্ফুসু অলাক্বদ্ জা — য়াহুম্ মির্ রব্বিহিমুল্

প্রমাণ প্রেরণ করেন নি। তারা তো অনুমান ও প্রবৃত্তির দাসত্ব করে, অথচ তাদের কাছে তাদের রবের পক্ষ থেকে হেদায়াত

الْهُدَىٰ ﴿٢٣﴾ أَمْ لِلْإِنسَانِ مَا تَمَنَّىٰ ﴿٢٤﴾ فَلِلَّهِ الْآخِرَةُ وَالْأُولَىٰ ﴿٢٥﴾ وَكَم مِّن

হুদা- । ২৪। আম্ লিল্ ইন্সা-নি মা- তামান্না- । ২৫। ফালিল্লা-হিল্ আ-খিরতু অল্ উলা- । ২৬। অকাম্ মিম্

এসেছে। (২৪) মানুষ যা চায় তা-ই কি সে পেয়ে থাকে? (২৫) অনন্তর ইহ-পরকাল আল্লাহরই। (২৬) আর আকাশে অসংখ্য

مَّلَكٍ فِي السَّمَاوَاتِ لَا تُغْنِي شَفَاعَتُهُمْ شَيْئًا إِلَّا مِن بَعْدِ أَن يَأْذَنَ اللَّهُ لِمَن

মালাকিন্ ফিস্ সামা-ওয়া-তি লা-তুগ্নী শাফা- 'আতুহুম্ শাইয়ান্ ইল্লা-মিম্ বা'দ্বি আইঁ ইয়া' যানা ল্লা-হু লিমাইঁ

ফেরেশ্তা মওজুদ রয়েছে, যাদের সুপারিশ কোন উপকারে আসবে না, যতক্ষণ না আল্লাহ যাকে ইচ্ছা এবং যার প্রতি

يَشَاءُ وَيَرْضَىٰ ﴿٢٦﴾ إِنَّ الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِالْآخِرَةِ لَيُسَمُّونَ الْمَلَائِكَةَ تَسْمِيَةَ

ইয়াশা — য়ু অইয়ার্দ্বোয়া- । ২৭। ইন্নাল্লাযীনা লা-ইয়ু''মিনূনা বিল্আ-খিরতি লাইয়ুসাম্মূ নাল্ মালা — য়িকাতা তাস্মিয়াতাল্

সন্তুষ্ট হন তাকে অনুমতি প্রদান করেন। (২৭) নিশ্চয়ই যারা পরকালের প্রতি বিশ্বাস রাখে না, ফেরেশ্তাদের নারীবাচক নাম

الْأُنثَىٰ ﴿٢٧﴾ وَمَا لَهُم بِهِ مِنْ عِلْمٍ ۖ إِن يَتَّبِعُونَ إِلَّا الظَّنَّ ۖ وَإِنَّ الظَّنَّ لَا يُغْنِي

উন্ছা - । ২৮। অমা-লাহুম্ বিহী মিন্ ই'ল্ম্; ইঁইয়াত্তাবি'ঊনা ইল্লাজ্ জোয়ান্না অইন্নাজ্ জোয়ান্না লা-ইয়ুগ্নী

রাখে। (২৮) আর এ ব্যাপারে তাদের কোন জ্ঞানই নেই, তারা কেবল ধারণার অনুসরণ করে, আর নিশ্চয়ই সত্যের সামনে ধারণার

مِنَ الْحَقِّ شَيْئًا ﴿٢٨﴾ فَأَعْرِضْ عَن مَّن تَوَلَّىٰ عَن ذِكْرِنَا وَلَمْ يُرِدْ إِلَّا الْحَيَاةَ

মিনাল্ হাক্ব্ক্বি শাইয়া- । ২৯। ফাআ'রিদ্ব 'আম্মান্ তাওয়াল্লা-আন্ যিক্রিনা-অলাম্ ইয়ুরিদ্ ইল্লাল্ হা ইয়া-তাদ্

মূল্য নেই। (২৯) অতএব, আপনি মুখ ফিরিয়ে নিন এমন ব্যক্তি থেকে, যে আমার স্মরণ থেকে বিমুখ তাকে উপেক্ষা করুন, সে

الدُّنْيَا ﴿٢٩﴾ ذَٰلِكَ مَبْلَغُهُم مِّنَ الْعِلْمِ ۚ إِنَّ رَبَّكَ هُوَ أَعْلَمُ بِمَن ضَلَّ عَن سَبِيلِهِ

দুন্ইয়া- । ৩০। যা-লিকা মাব্লাগুহুম্ মিনাল্ ই'ল্ম্; ইন্না রব্বাকা হুওয়া আ'লামু বিমান্ দ্বোয়াল্লা 'আন্ সাবীলিহী

তো পার্থিব জীবনই কামনা করে,(৩০) এটাই তাদের জ্ঞানের সীমা, নিশ্চয়ই তাদের রবই জানেন কে পথচ্যুত, তিনিই

ع ১ ২৫ ৫ রুকু

আয়াত-২৩ঃ পবিত্র কোরআনের দ্বারা এবং রাসূলুল্লাহ্ (ছঃ) এর মুখে স্পষ্টভাবে প্রমাণিত হয়ে গিয়েছে যে, মুশরিকরা যাদের উপাসনা করছে তারা উপাস্য নয়। আর আল্লাহ ব্যতীত কারও ইবাদত করা উচিত নয়। (ফতঃ বয়াঃ) আয়াত-২৪ ঃ এরূপ হয় না যে, মানুষের মন যা চায়, তাই সে লাভ করবে। যেমন মুশরিকরা আশা পোষণ করত যে, তাদের উপাস্যরা তাদের জন্য সুপারিশ করবে, তাদের এ আশা পূর্ণ হবে না। (ফতঃ বয়াঃ) আয়াত-২৬ ঃ মক্কার কাফের গোষ্ঠী তো পরকালে বিশ্বাসী ছিল না। তারা পার্থিব বিষয় ফেরেশতা বা দেব-দেবীর সুপারিশের আশা পোষণ করত এবং বিশ্বাস করত যে, আল্লাহর মীমাংসাসমূহে তাদেরও হাত আছে। এরা সুপারিশ করে সন্তান দিতে পারে। সুস্থতা বিজয় ইত্যাদি সর্ব প্রকার উদ্দেশ্য সফল করিয়ে দিতে পারে। (তাফঃ হক্কানী)

• এক চতুর্থাংশ

وَهُوَ اَعْلَمُ بِمَنِ اهْتَدٰى ﴿٣١﴾ وَلِلّٰهِ مَا فِى السَّمٰوٰتِ وَمَا فِى الْاَرْضِ لِيَجْزِىَ

অহুওয়া আ'লামু বিমানিহ্ তাদা-। ৩১। অলিল্লা-হি মা-ফিস্ সামা-ওয়া-তি অমা-ফিল্ আরদ্বি লিয়াজ্ যিইয়াল্

অবগত আছেন কে পথপ্রাপ্ত। (৩১) আর যা কিছু আছে আকাশসমূহে এবং যা কিছু যমীনে সবই আল্লাহর যাতে তিনি,

الَّذِيْنَ اَسَاۤءُوْا بِمَا عَمِلُوْا وَيَجْزِىَ الَّذِيْنَ اَحْسَنُوْا بِالْحُسْنٰى ﴿٣٢﴾ اَلَّذِيْنَ

লাযীনা আসা — য়্ বিমা-'আমিলূ অইয়াজ্ যিইয়াল্লাযীনা আহ্সানূ বিল্হুস্না-। ৩২। আল্লাযীনা

দুরাচারী তাদেরকে প্রদান করেন মন্দ প্রতিফল, আর যারা পুণ্যবান তাদেরকে প্রদান করেন উত্তম প্রতিদান। (৩২) যারা

يَجْتَنِبُوْنَ كَبٰۤئِرَ الْاِثْمِ وَالْفَوَاحِشَ اِلَّا اللَّمَمَ ط اِنَّ رَبَّكَ وَاسِعُ الْمَغْفِرَةِ ط هُوَ

ইয়াজ্ তানিবূনা কাবা — য়িরল্ ইছ্মি অল্'ফাওয়া-হিশা ইল্লাল্ লামাম্ ; ইন্না রব্বাকা ওয়া-সিউ'ল্ মাগ্ফিরাহ্; হুওয়া

সাধারণ পাপ ছাড়া মহাপাপ ও অশ্লীল কাজ করা হতে বিরত থাকে, নিশ্চয়ই আপনার রবের ক্ষমা বড়ই বিস্তৃত, তোমাদের

اَعْلَمُ بِكُمْ اِذْ اَنْشَاَكُمْ مِّنَ الْاَرْضِ وَاِذْ اَنْتُمْ اَجِنَّةٌ فِىْ بُطُوْنِ اُمَّهٰتِكُمْ ج فَلَا

আ'লামু বিকুম্ ইয্ আন্শায়াকুম্ মিনাল্ আরদ্বি অইয্ আন্তুম্ আজিন্নাতুন্ ফী বুতূ নি উম্মাহা- তিকুম্ ফালা-

ব্যাপারে জানেন, যখন তোমাদেরকে মাটি হতে সৃজিয়েছেন আর যখন ভ্রূণ ছিলে মাতৃগর্ভে, নিজেদেরকে পবিত্র মনে

تُزَكُّوْۤا اَنْفُسَكُمْ ط هُوَ اَعْلَمُ بِمَنِ اتَّقٰى ﴿٣٣﴾ اَفَرَءَيْتَ الَّذِىْ تَوَلّٰى ﴿٣٤﴾ وَاَعْطٰى

২ ع ৬ রুকু

তুযাক্কূ ~ আন্ফুসাকুম্; হুওয়া 'আলামু বিমা নিত্তাক্বা-।৩৩। আফারয়াইতাল্ লাযী তাওয়াল্লা-। ৩৪। অআ'ত্বোয়া-

করো না, তিনিই জানেন কে মুত্তাকী। (৩৩) আপনি বিমুখ ব্যক্তিকে কি দেখেছেন? (৩৪) এবং সামান্যই দান করে,

قَلِيْلًا وَّاَكْدٰى ﴿٣٥﴾ اَعِنْدَهٗ عِلْمُ الْغَيْبِ فَهُوَ يَرٰى ﴿٣٦﴾ اَمْ لَمْ يُنَبَّاْ بِمَا فِىْ صُحُفِ

ক্বালীলাঁও অআক্দা-। ৩৫। আ'ইন্দাহূ 'ইল্মুল্ গইবি ফাহুওয়া ইয়ার- ।৩৬। আম্ লাম্ ইয়ুনাব্বা" বিমা-ফী ছুহুফি

পরে বন্ধ করে দেয়। (৩৫) তার কি অদৃশ্য তত্ব আছে যে, দেখবে! (৩৬) তাকে কি জানানো হয়নি যা মূসার কিতাবে

مُوْسٰى ﴿٣٧﴾ وَاِبْرٰهِيْمَ الَّذِىْ وَفّٰۤى ﴿٣٨﴾ اَلَّا تَزِرُ وَازِرَةٌ وِّزْرَ اُخْرٰى ﴿٣٩﴾ وَاَنْ لَّيْسَ

মূসা-। ৩৭। অ ইব্র-হীমাল্ লাযী অফ্ফা ~ ।৩৮। আল্লা-তাযিরু ওয়া- যিরাতুঁও ওয়িয্রা উখ্রা-। ৩৯। অআল্লাইসা

আছে, (৩৭) আর দায়িত্ব পূর্ণকারী ইব্রাহীমের। (৩৮) তা হল, কোন বোঝা বহনকারী। (৩৯) আর মানুষ কেউ কারো গুনাহ্

لِلْاِنْسَانِ اِلَّا مَا سَعٰى ﴿٤٠﴾ وَاَنَّ سَعْيَهٗ سَوْفَ يُرٰى ﴿٤١﴾ ثُمَّ يُجْزٰىهُ الْجَزَاۤءَ الْاَوْفٰى *

লিল্ইন্সা-নি ইল্লা-মাসা'আ-।৪০। অআন্না সা'ইয়াহূ সাওফা ইয়ুরা-।৪১। ছুম্মা ইয়ুজ্ যা-হুল্ জ্বাযা — য়াল্ আওফা-।

বহন করবে না, শুধু নিজের চেষ্টানুযায়ীই পাবে, (৪০) শীঘ্রই তার কর্ম দেখান হবে, (৪১) সে তার পূর্ণ প্রতিফল পাবে,

﴿٤٢﴾ وَاَنَّ اِلٰى رَبِّكَ الْمُنْتَهٰى ﴿٤٣﴾ وَاَنَّهٗ هُوَ اَضْحَكَ وَاَبْكٰى ﴿٤٤﴾ وَاَنَّهٗ هُوَ اَمَاتَ

৪২। অআন্না ইলা-রব্বিকাল্ মুন্তাহা-। ৪৩। অআন্নাহূ হুওয়া আদ্বহাকা অআব্ক-।৪৪। অআন্নাহূ হুওয়া আমা-তা

(৪২) আর সবকিছুর সমাপ্তি তোমার রবের কাছে, (৪৩) তিনিই হাঁসান, আর তিনিই কাঁদান, (৪৪) তিনিই মারেন, আর

وَاَحْيَا ﴿٤٥﴾ وَاَنَّهٗ خَلَقَ الزَّوْجَيْنِ الذَّكَرَ وَالْاُنْثٰى ﴿٤٦﴾ مِنْ نُّطْفَةٍ اِذَا تُمْنٰى ﴿٤٧﴾ وَاَنَّ

অ আহ্ইয়া-। ৪৫। অ আন্নাহূ খলাক্বায় যাওজ্বাইনিয্ যাকারা অল্‌উন্‌ছা-৪৬। মিন্ নুত্ব্ ফাতিন্ ইযা-তুম্‌না-। ৪৭। অআন্না
তিনিই জীবন দেন, (৪৫) তিনি পুরুষ-নারীর জোড়া সৃষ্টি করেছেন, (৪৬) স্খলিত শুক্র বিন্দু হতে, (৪৭) আর পুনরায়

عَلَيْهِ النَّشْاَةَ الْاُخْرٰى ﴿٤٨﴾ وَاَنَّهٗ هُوَ اَغْنٰى وَاَقْنٰى ﴿٤٩﴾ وَاَنَّهٗ هُوَ رَبُّ الشِّعْرٰى *

'আলাইহিন্ নাশ্‌য়াতাল্ উখ্‌র-। ৪৮। অআন্নাহূ হুওয়া আগ্‌না-অআক্ব্‌না-। ৪৯। অআন্নাহূ হুওয়া রব্বুশ্ শি'রা-।
সৃষ্টি করাও তাঁরই দায়িত্ব, (৪৮) আর তিনিই ধনশালী করেন ও দান করেন, (৪৯) আর তিনিই শি'রা নামক তারার, রব,

﴿٥٠﴾ وَاَنَّهٗۤ اَهْلَكَ عَادًا الْاُوْلٰى ﴿٥١﴾ وَثَمُوْدَا۠ فَمَاۤ اَبْقٰى ﴿٥٢﴾ وَقَوْمَ نُوْحٍ مِّنْ قَبْلُ ط

৫০। অআন্নাহূ ~ আহ্‌লাকা 'আ-দা-নিল্ ঊলা-। ৫১। অছামূদা ফামা ~ আব্‌ক্বা-। ৫২। অক্বওমা নূহিম্ মিন্ ক্বব্‌ল্;
(৫০) আর তিনিই আ'দ জাতিকে ধ্বংস করে দিয়েছেন, (৫১) এবং ছামূদ জাতীকেও, কাকেও ছাড়েন নি, (৫২) পূর্বে নূহের

اِنَّهُمْ كَانُوْا هُمْ اَظْلَمَ وَاَطْغٰى ﴿٥٣﴾ وَالْمُؤْتَفِكَةَ اَهْوٰى ﴿٥٤﴾ فَغَشّٰىهَا مَا غَشّٰى *

ইন্নাহুম্ কা-নূ হুম্ আজ্‌লামা অআত্ব্‌গ-। ৫৩। অল্ মু'তাফিকাতা আহ্‌ওয়া-। ৫৪। ফাগাশ্‌শা-হা-মা-গাশ্‌শা-।
জাতিকেও; নিশ্চয়ই তারা জালিম ছিল, (৫৩) উৎপাটিত আবাসকে উল্টিয়েছেন, (৫৪) আচ্ছন্নকারীদের আচ্ছন্ন করল,

﴿٥٥﴾ فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكَ تَتَمَارٰى ﴿٥٦﴾ هٰذَا نَذِيْرٌ مِّنَ النُّذُرِ الْاُوْلٰى ﴿٥٧﴾ اَزِفَتِ

৫৫। ফাবিআইয়্যি আ-লা — য়ি রব্বিকা তাতামা-রা-। ৫৬। হা-যা-নাযীরুম্ মিনান্ নুযুরিল্ ঊলা-। ৫৭। আযিফাতিল্
(৫৫) তুমি তোমার রবের কোন কোন দানে সন্দেহ করবে? (৫৬) ইনি পূর্ববতীদের ন্যায় সতর্ককারী, (৫৭) সেই আসন্ন বস্তু

الْاٰزِفَةُ ﴿٥٨﴾ لَيْسَ لَهَا مِنْ دُوْنِ اللّٰهِ كَاشِفَةٌ ﴿٥٩﴾ اَفَمِنْ هٰذَا الْحَدِيْثِ تَعْجَبُوْنَ *

আ-যিফাহ্। ৫৮। লাইসা লাহা-মিন্ দূনিল্লা-হি কা-শিফাহ্; ৫৯। আফা মিন্ হা-যাল্ হাদীছি তা'জ্বাবূনা।
কেয়ামত সন্নিকটে। (৫৮) আল্লাহ ছাড়া কেউই তা প্রকাশ করতে সক্ষম নয়। (৫৯) এতে কি তোমরা বিস্মিত হচ্ছো?

সেজদা

﴿٦٠﴾ وَتَضْحَكُوْنَ وَلَا تَبْكُوْنَ ﴿٦١﴾ وَاَنْتُمْ سٰمِدُوْنَ ﴿٦٢﴾ فَاسْجُدُوْا لِلّٰهِ وَاعْبُدُوْا *

৬০। অতাদ্বহাকূনা অলা তাব্‌কূনা। ৬১। অআন্‌তুম্ সা-মিদূন্। ৬২। ফাস্‌জুদূ লিল্লা-হি ওয়া'বুদূ-
(৬০) তোমরা হাসছ, কাঁদছ না। (৬১) তোমরা তো আনুগত্যের ব্যাপারে উদাসীন, (৬২) আল্লাহর সেজদা কর, ইবাদত কর।

ع ৩/৭ রুকূ সিজদাহ্-১২

সূরা ক্বমার্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৫৫
রুকূ ঃ ৩

﴿١﴾ اِقْتَرَبَتِ السَّاعَةُ وَانْشَقَّ الْقَمَرُ ﴿١﴾ وَاِنْ يَّرَوْا اٰيَةً يُّعْرِضُوْا وَيَقُوْلُوْا سِحْرٌ

১। ইক্ব্‌তারবাতিস্ সা- 'আতু অন্‌শাক্ব্‌ক্বল্ ক্বমার্। ২। অ ইঁ-ইয়ারও আ-ইয়াতাই ইয়ু'রিদ্ব্ অইয়াক্বূলূ সিহ্‌রুম্
(১) কেয়ামত আসন্ন, চন্দ্র দ্বিখন্ডিত, (২) আর কোন নিদর্শন দেখেও তারা মুখ ফিরিয়ে নেয়, এবং বলে এটা তো চলমান

مُسْتَمِرٌّ ۝٣ وَكَذَّبُوا وَاتَّبَعُوا أَهْوَاءَهُمْ وَكُلُّ أَمْرٍ مُسْتَقِرٌّ ۝٤ وَلَقَدْ جَاءَهُمْ مِنَ

মুসতামির্। ৩। অকায্যাবূ অত্তাবাউ' ~ আহ্ওয়া — য়াহুম্ অকুল্লু আম্রিম্ মুস্তাক্বির্। ৪। অলাক্বদ্ জ্বা — য়াহুম্ মিনাল্

যাদু (৩) মিথ্যারোপ করে, নিজেদের প্রবৃত্তির দাসত্ব করে, প্রত্যেক বিষয়ই অটল। (৪) তাদের কাছে তা এমন, সুসংবাদ

الْأَنْبَاءِ مَا فِيهِ مُزْدَجَرٌ ۝٥ حِكْمَةٌ بَالِغَةٌ فَمَا تُغْنِ النُّذُرُ ۝٦ فَتَوَلَّ عَنْهُمْ يَوْمَ يَدْعُ

আম্বা — য়ি মা-ফীহি মুয্দাজ্বার্। ৫। হিক্মাতুম্ বা-লিগাতুন্ ফামা-তুগ্নিন্ নুযুর্। ৬। ফাতাওয়াল্লা 'আন্হুম্ ইয়াওমা ইয়াদ্'উদ্

এসেছে, যাতে রয়েছে সাবধানবাণী। (৫) পূর্ণ জ্ঞানও, কিন্তু তাদের কোন কাজে আসে নি। (৬) অনন্তর তাদেরকে বাদ দিন,

الدَّاعِ إِلَىٰ شَيْءٍ نُكُرٍ ۝٧ خُشَّعًا أَبْصَارُهُمْ يَخْرُجُونَ مِنَ الْأَجْدَاثِ كَأَنَّهُمْ جَرَادٌ

দা-'ই ইলা-শাইয়িন্ নুকুর্। ৭। খুশ্শা'আন্ আব্ছোয়া- রুহুম্ ইয়াখ্রুজ্বূনা মিনাল্ আজ্বদা-ছি কাআন্নাহুম্ জ্বার-দুম্

যেদিন আহ্বানকারী ভয়াবহ বিষয়ের প্রতি ডাকবে, (৭) সেদিন তারা অবনত নেত্রে বিক্ষিপ্ত পঙ্গপালের মত কবর হতে

مُنْتَشِرٌ ۝٨ مُهْطِعِينَ إِلَى الدَّاعِ يَقُولُ الْكَافِرُونَ هَٰذَا يَوْمٌ عَسِرٌ ۝٩ كَذَّبَتْ

মুনতাশিরু। ৮। মুহ্তি'ঈ'না ইলাদ্ দা-'ই; ইয়াক্বূলুল্ কা-ফিরূনা হা-যা- ইয়াওমুন্ 'আসির্; ৯। কায্যাবাত্

উঠবে, (৮) তারা ভীত হয়ে আহ্বায়কের দিকে আসবে। কাফেররা বলবে, এটা কঠিন দিন। (৯) পূর্বে নূহের কাওমকেও

قَبْلَهُمْ قَوْمُ نُوحٍ فَكَذَّبُوا عَبْدَنَا وَقَالُوا مَجْنُونٌ وَازْدُجِرَ ۝١٠ فَدَعَا رَبَّهُ أَنِّي

ক্বব্লাহুম্ ক্বওমু নূহিন্ ফাকায্যাবূ 'আব্দানা- অক্ব-লূ মাজ্বনূনুও অয্দুজ্বির্। ১০। ফাদা'আ রব্বাহূ ~ আন্নী

অস্বীকার করেছিল, তারা আমার বান্দাহকে মিথ্যা বলল যে, সে উন্মাদ, তিরস্কৃত। (১০) অনন্তর সে স্বীয় রবকে ডাকল, আমি

مَغْلُوبٌ فَانْتَصِرْ ۝١١ فَفَتَحْنَا أَبْوَابَ السَّمَاءِ بِمَاءٍ مُنْهَمِرٍ ۝١٢ وَفَجَّرْنَا الْأَرْضَ

মাগ্লূবুন্ ফান্তাছির্। ১১। ফাফাতাহ্না ~ আব্ওয়া-বাস্ সামা — য়ি বিমা — য়িম্ মুনহামির্। ১২। অফাজ্জ্বারনাল্ আর্দ্বোয়া

অসহায়, সাহায্য করুন। (১১) অতঃপর আমি অধিক বর্ষণশীল পানি দ্বারা আকাশের-দ্বার খুলে দিলাম, (১২) আর আমি ভূমিতে

عُيُونًا فَالْتَقَى الْمَاءُ عَلَىٰ أَمْرٍ قَدْ قُدِرَ ۝١٣ وَحَمَلْنَاهُ عَلَىٰ ذَاتِ أَلْوَاحٍ وَدُسُرٍ ★

উ'ইয়ূনান্ ফাল্তাক্বল্ মা — যু 'আলা ~ আম্রিন্ ক্বদ্ ক্বুদির্। ১৩। অহামাল্না-হু 'আলা- যা-তি আল্ওয়া-হিঁও অদুসুর্।

ঝর্ণাসমূহ বহালাম, ফলে নির্দিষ্ট পানি জমা হল। (১৩) আর আমি তাকে তক্তা ও পেরেকের নৌকায় আরোহণ করলাম।

শানেনুযূলঃ আয়াত–১ঃ একদিন রাতের বেলায় আবু জেহেল ও জনৈক ইহুদী নবী কারীম (ছঃ)-এর দরবারে হাযির হয়ে বলতে লাগল, হে মুহাম্মদ! তোমার দাবীর সত্যতার ওপর হয় এমন কোন অলৌকিক কিছু দেখাও, নতুবা আমি তোমার সাথে অশোভনীয় আচরণে লিপ্ত হব। নবী কারীম (ছঃ) বললেন, কি অলৌকিক কাণ্ড দেখতে চাও? তখন সে তৎপরামর্শের জন্য জিজ্ঞাসু দৃষ্টিতে ইহুদীটির দিকে তাকাল। ইহুদী বলল, মুহাম্মদ একজন সুদক্ষ যাদুকর। কিন্তু যাদুর প্রতিক্রিয়া কেবল ভূ-পৃষ্ঠে চলে আকাশে চলে না। তাই তাঁকে বলল যেন চন্দ্র দু'ভাগে ভাগ করে দেখায়। তখন হযরত মুহাম্মদ (ছঃ) শাহাদত আঙ্গুল চন্দ্রমুখী করে উত্থলনের সাথে সাথেই চন্দ্রকে দ্বিখণ্ডিত হয়ে একভাগ জবলে আবু কোবাইস বরাবর, আর একভাগ কায়ীকা'আন বরাবর এসে পড়ল। আবু জেহেল বলল, আচ্ছা এখন উভয় খণ্ডকে একত্র করে দাও। অতঃপর দ্বিতীয়বার আঙ্গুলের ইশারায় অবিকল পূর্বেকার রূপেই চন্দ্র স্থির হয়ে গেল। আলৌকিক কাণ্ডে ইহুদী তো তৎক্ষণাৎই ঈমান আনল। কিন্তু আবু জেহেল বলল, "আমি এটা কখনও বিশ্বাস করি না, আমাদের চোখে যাদু করা হয়েছে, যদ্দারা চাঁদের এ অবস্থা আমাদের দৃষ্টিগোচর হয়েছে। আমি বহিরাগতের নিকট জিজ্ঞাসা করব। মোটকথা প্রবাসীরা তারাও এ আলোড়ন সৃষ্টিকারী বিস্ময়কর ঘটনা প্রত্যক্ষ করার সংবাদ ও সাক্ষ্য প্রদান করল। এতদসত্ত্বেও আবু জেহেল ঈমান আনল না।

﴿١٣﴾ تَجْرِي بِأَعْيُنِنَا ۚ جَزَاءً لِمَنْ كَانَ كُفِرَ ﴿١٤﴾ وَلَقَدْ تَرَكْنَاهَا آيَةً فَهَلْ مِنْ

১৪। তাজ্বরী বিআ'ইয়ুনিনা-জ্বাযা — য়াল্ লিমান্ কা-না কুফির্। ১৫। অলাক্বদ তারাক্না-হা ~ আ-ইয়াতান্ ফাহাল্ মিম্

(১৪) সামনেইতা ভাসছিল, তা-ই প্রত্যাখ্যাতদের বদলা। (১৫) তাকে নিদর্শন রূপে রাখলাম, আছে কি কোন উপদেশ

مُدَّكِرٍ ﴿١٥﴾ فَكَيْفَ كَانَ عَذَابِي وَنُذُرِ ﴿١٦﴾ وَلَقَدْ يَسَّرْنَا الْقُرْآنَ لِلذِّكْرِ فَهَلْ مِنْ

মুদ্দাকির্। ১৬। ফাকাইফা কা-না 'আযা-বী অনুযুর্। ১৭। অলাক্বদ ইয়াস্সার্নাল্ ক্বুরআ-না লিয্যিক্রি ফাহাল্ মিম্

গ্রহণকারী ? (১৬) আমার শাস্তি ও ভীতি কিরূপ ছিল? (১৭) কোরআনকে উপদেশার্থে সহজ করেছি, কে আছে তা

مُدَّكِرٍ ﴿١٧﴾ كَذَّبَتْ عَادٌ فَكَيْفَ كَانَ عَذَابِي وَنُذُرِ ﴿١٨﴾ إِنَّا أَرْسَلْنَا عَلَيْهِمْ رِيحًا

মুদ্দাকির্। ৮। কায্যাবাত্ 'আ-দুন্ ফাকাইফা কা-না 'আযা-বী অনুযুর্। ১৯। ইন্না ~ আরসালনা- 'আলাইহিম্ রীহান্

গ্রহণের? (১৮) আদও প্রত্যাখ্যান করল, ফলে আমার শাস্তি ও ভীতি কেমন হল? (১৯) নিশ্চয়ই আমি তাদের ওপর

صَرْصَرًا فِي يَوْمِ نَحْسٍ مُسْتَمِرٍّ ﴿١٩﴾ تَنْزِعُ النَّاسَ ۙ كَأَنَّهُمْ أَعْجَازُ نَخْلٍ

ছোয়ার্ছোয়ারান্ ফী ইয়াওমি নাহ্সিম্ মুস্তামির্। ২০ তান্যি'উন্না-সা কাআন্নাহুম্ 'আজ্বা-যু নাখ্লিম্

দুর্যোগের দিনে প্রচণ্ড ঝটিকা বায়ু প্রেরণ করেছিলাম। (২০) সেই বায়ু মানুষকে এমনভাবে নির্মূল করেছিল যেন উৎপাটিত

مُنْقَعِرٍ ﴿٢٠﴾ فَكَيْفَ كَانَ عَذَابِي وَنُذُرِ ﴿٢١﴾ وَلَقَدْ يَسَّرْنَا الْقُرْآنَ لِلذِّكْرِ فَهَلْ مِنْ

মুন্ক্বাই'র্। ২১। ফাকাইফা কা-না 'আযা-বী অনুযুর্। ২২। অলাক্বদ্ ইয়াস্সার্নাল্ ক্বুরআ-না লিয্যিক্রি ফাহাল্ মিম্

খেজুর বৃক্ষ। (২১) অতঃপর আমার শাস্তি ও ভীতি কেমন ছিল? (২২) আর সহজ করেছি, কোরআনকে উপদেশার্থে কে আছে তা

مُدَّكِرٍ ﴿٢٢﴾ كَذَّبَتْ ثَمُودُ بِالنُّذُرِ ﴿٢٣﴾ فَقَالُوا أَبَشَرًا مِنَّا وَاحِدًا نَتَّبِعُهُ ۙ إِنَّا إِذًا لَفِي ع ১ ২২ ৮ রুকু

মুদ্দাকির্। ২৩। কায্যাবাত্ ছামূদু বিন্নুযুর্ । ২৪। ফাক্বা-লূ ~ আবাশারাম্ মিন্না-ওয়া-হিদান্ নাত্তাবিউ'হূ ~ ইন্না ~ ইযাল্ লাফী

গ্রহণের? (২৩) ছামূদ সতর্ককারীদেরকে প্রত্যাখ্যান করল। (২৪) বলল, আমাদেরই একজনকে কি মানব? যাতে বিভ্রান্ত

ضَلَالٍ وَسُعُرٍ ﴿٢٤﴾ أَأُلْقِيَ الذِّكْرُ عَلَيْهِ مِنْ بَيْنِنَا بَلْ هُوَ كَذَّابٌ أَشِرٌ ﴿٢٥﴾ سَيَعْلَمُونَ

দোয়ালা-লিঁও অসু'উর্। ২৫। আ উল্ক্বিয়ায্ যিক্রু 'আলাইহি মিম্ বাইনিনা-বাল্ হুওয়া কায্যা-বুন্ আশির্। ২৬। সাইয়া'লামূনা

ও উন্মাদ গণ্য হব। (২৫) তার প্রতিই কি ওহী নাযিল হল, বরং সে তো একজন মিথ্যাবাদী দাম্ভিক। (২৬) কাল জানবে,

غَدًا مَنِ الْكَذَّابُ الْأَشِرُ ﴿٢٦﴾ إِنَّا مُرْسِلُو النَّاقَةِ فِتْنَةً لَهُمْ فَارْتَقِبْهُمْ وَاصْطَبِرْ

গদাম্ মানিল্ কায্যা-বুল্ আশির্। ২৭। ইন্না- মুরসিলুন্না-ক্বতি ফিত্নাতাল্ লাহুম্ ফারতাকিব্ হুম্ অছত্বোয়াবির্।

কে মিথ্যাবাদী দাম্ভিক। (২৭) নিশ্চয়ই এক উষ্ট্রী পাঠাব, তাদের পরীক্ষার জন্য, অতএব আপনি লক্ষ্য করুন ও ধৈর্য ধরুন।

﴿٢٧﴾ وَنَبِّئْهُمْ أَنَّ الْمَاءَ قِسْمَةٌ بَيْنَهُمْ ۚ كُلُّ شِرْبٍ مُحْتَضَرٌ ﴿٢٨﴾ فَنَادَوْا صَاحِبَهُمْ

২৮। অনাব্বি'হুম্ আন্নাল্ মা — য়া ক্বিস্মাতুম্ বাইনাহুম্ কুল্লু শির্বিম্ মুহ্তাদ্বোয়ার্। ২৯। ফানা-দাও ছোয়া-হিবাহুম্

(২৮) আর পানি বণ্টন নীতি জানিয়ে দিন ও তাদের প্রত্যেকেই পালাক্রমে আসবে। (২৯) তারা সঙ্গীকে আহ্বান করল,

فَتَعَاطٰى فَعَقَرَ ۝ فَكَيْفَ كَانَ عَذَابِىْ وَنُذُرِ ۝ اِنَّاۤ اَرْسَلْنَا عَلَيْهِمْ صَيْحَةً

ফাতা'আত্বোয়া- ফা'আক্বার্। ৩০। ফাকাইফা কা-না 'আযা-বী অনুযুর্। ৩১। ইন্না ~ আর্সাল্না-'আলাইহিম্ ছোয়াইহাতাঁও
সে তাকে হত্যা করল। (৩০) কত কঠোর ছিল আমার শাস্তি ও ভীতি? (৩১) নিঃসন্দেহে আমি বিকট শব্দ প্রেরণ করলাম,

وَّاحِدَةً فَكَانُوْا كَهَشِيْمِ الْمُحْتَظِرِ ۝ وَلَقَدْ يَسَّرْنَا الْقُرْاٰنَ لِلذِّكْرِ فَهَلْ مِنْ

ওয়া-হিদাতান্ ফাকা-নূ কাহাশীমিল্ মুহতাজির্। ৩২। অলাক্বদ্ ইয়াস্সার্নাল্ ক্বুর্আ-না লিয্যিক্রি ফাহাল্ মিম্
অতঃপর তারা খোয়াড়ের তৃণ খণ্ডের ন্যায় হয়ে গেল, (৩২) আর আমি সহজ করেছি কোরআনকে, উপদেশ গ্রহণের কে

مُّدَّكِرٍ ۝ كَذَّبَتْ قَوْمُ لُوْطٍۭ بِالنُّذُرِ ۝ اِنَّاۤ اَرْسَلْنَا عَلَيْهِمْ حَاصِبًا اِلَّاۤ اٰلَ لُوْطٍ ؕ

মুদ্দাকির্। ৩৩। কায্যাবাত্ ক্বওমু লূত্বিম্ বিন্নুযুর্ । ৩৪। ইন্না ~ আর্সাল্না- 'আলাইহিম্ হা-ছিবান্ ইল্লা ~ আ-লা লূত্ব্;
আছে? (৩৩) লূত সম্প্রদায়ও সতর্ককারীদের মিথ্যা বলেছিল। (৩৪) তাদের ওপর পাথর বর্ষণ করলাম, লূত পরিবারকে

نَجَّيْنٰهُمْ بِسَحَرٍ ۝ نِّعْمَةً مِّنْ عِنْدِنَا ؕ كَذٰلِكَ نَجْزِىْ مَنْ شَكَرَ ۝ وَلَقَدْ اَنْذَرَهُمْ

নাজ্জাইনা-হুম্ বিসাহার্। ৩৫। নি'মাতাম্ মিন্ ই'ন্দিনা-; কাযা-লিকা নাজ্যী; মান শাকার্। ৩৬। অলাক্বদ্ আন্যারাহুম্
রাতের শেষভাগে রক্ষা করলাম। (৩৫) আমার অনুগ্রহে কৃতজ্ঞদের প্রতিদান এভাবেই দিই। (৩৬) আযাবের ভয় দেখালে

بَطْشَتَنَا فَتَمَارَوْا بِالنُّذُرِ ۝ وَلَقَدْ رَاوَدُوْهُ عَنْ ضَيْفِهٖ فَطَمَسْنَاۤ اَعْيُنَهُمْ

বাত্ব্শাতানা- ফাতামা-রও বিন্নুযুর্। ৩৭। অলাক্বদ্ রা-ওয়াদূহু 'আন্ দ্বোয়াইফিহী ফাত্বোয়ামাস্না ~ আ'ইয়ুনাহুম্
তারা পরস্পর ঝগড়া শুরু করে দিল। (৩৭) তারা মেহমানদেরকে নিয়ে যেতে চাইল, তাই আমি তাদের দৃষ্টিশক্তি হরণ করলাম।

فَذُوْقُوْا عَذَابِىْ وَنُذُرِ ۝ وَلَقَدْ صَبَّحَهُمْ بُكْرَةً عَذَابٌ مُّسْتَقِرٌّ ۝ فَذُوْقُوْا

ফাযূক্ব্ 'আযা-বী অনুযুর্। ৩৮। অলাক্বদ্ ছোয়াব্বাহাহুম্ বুক্রাতান্ 'আযা-বুম্ মুস্তাক্বির্। ৩৯। ফাযূক্ব্
এখন তোমরা শাস্তি ও ভীতির স্বাদ আস্বাদন কর। (৩৮) আমি অতি প্রত্যুষেই তাদের উপর অবিরাম শাস্তি আঘাত হানল। (৩৯) অতঃপর শাস্তি

২ ع ১৮ ৯ রুকু

عَذَابِىْ وَنُذُرِ ۝ وَلَقَدْ يَسَّرْنَا الْقُرْاٰنَ لِلذِّكْرِ فَهَلْ مِنْ مُّدَّكِرٍ ۝ وَلَقَدْ جَآءَ

'আযা-বী অনুযুর্। ৪০। অলাক্বদ্ ইয়াস্সার্নাল্ ক্বুর্আ-না লিয্যিক্রি ফাহাল্ মিম্ মুদ্দাকির্। ৪১। অলাক্বদ্ জ্বা — য়া
ও ভীতির স্বাদ আস্বাদন কর। (৪০) আর আমি কোরআনকে সহজ করেছি, উপদেশ গ্রহণের কে আছে?(৪১) আর ফেরাউনীদের

اٰلَ فِرْعَوْنَ النُّذُرُ ۝ كَذَّبُوْا بِاٰيٰتِنَا كُلِّهَا فَاَخَذْنٰهُمْ اَخْذَ عَزِيْزٍ مُّقْتَدِرٍ *

আ-লা ফির্'আউনান্ নুযুর্। ৪২। কায্যাবূ বিআ-ইয়া- তিনা-কুল্লিহা-ফাআখায্না-হুম্ আখ্যা 'আযীযিম্ মুক্বতাদির্।
কাছেও সতর্ককারী আগমন করেছিল। (৪২) কিন্তু তারা যখন নিদর্শনাবলি অস্বীকার করল, তখন আমি কঠিন হাতে ধরলাম,

আয়াত-৩৯ ঃ বিভিন্ন সূরায় লূত জাতির অপকর্মের কাহিনী বর্ণনা করা হয়েছে যে, তারা সুন্দর ছেলেদের সাথে অপকর্মে লিপ্ত হওয়ায় অভ্যাস্ত ছিল। হযরত লূত (আঃ) তাদেরকে দীর্ঘকাল বুঝালেন কিন্তু কেউই সৎ পথে আসল না। অতঃপর একদিন হযরত জিব্রাঈল, মীকাঈল ইস্রাফীল ফেরেশতা সুন্দর ছেলেদের আকৃতিতে হযরত লূত (আঃ) এর ঘরে মেহমানস্বরূপ আগমন করলে তারা খবর পেয়ে রাতারাতি এসে দরজা ভেঙ্গে ঘরে ঢুকার চেষ্টা করলে জিব্রাঈল (আঃ) তাদের চক্ষু অন্ধ করে দিলেন। সকাল হতে না হতেই উল্লেখিত ফেরেশতা তাদের বস্তিটি উল্টিয়ে দিল এবং প্রস্তর বৃষ্টি বর্ষণে তাদের সবাইকে ধ্বংস করে দিল। (ইবঃ কাঃ)

٤٣ أَكُفَّارُكُمْ خَيْرٌ مِّنْ أُولَٰئِكُمْ أَمْ لَكُم بَرَاءَةٌ فِي الزُّبُرِ ٤٤ أَمْ يَقُولُونَ نَحْنُ

৪৩। আকুফ্ফা-রুকুম্ খইরুম্ মিন্ উলা — য়িকুম্ আম্ লাকুম্ বার — য়াতুন্ ফিয্যুবুর্। ৪৪। আম্ ইয়াক্বূলূনা নাহ্নু
(৪৩) তোমাদের যুগের কাফেররা কি তাদের চেয়ে শ্রেষ্ঠ, না কি গ্রন্থে মুক্তি লেখা আছে? (১) (৪৪) না কি তারা বলে,

جَمِيعٌ مُّنتَصِرٌ ٤٥ سَيُهْزَمُ الْجَمْعُ وَيُوَلُّونَ الدُّبُرَ ٤٦ بَلِ السَّاعَةُ مَوْعِدُهُمْ

জ্বামীউ'ম্ মুন্তাছির্। ৪৫। সাইয়ুহ্ যামুল্ জ্বাম্উ' অ ইয়ুওয়াল্লূ নাদ্ দুবুর্। ৪৬। বালিস্ সা- 'আতু মাও ই'দুহুম্
আমরা দুর্ধর্ষ অপরাজেয়? (৪৫) শীঘ্রই এ দলটি পরাজিত হবে এবং পালায়ন করবে। (৪৬) বরং কেয়ামত তাদের

وَالسَّاعَةُ أَدْهَىٰ وَأَمَرُّ ٤٧ إِنَّ الْمُجْرِمِينَ فِي ضَلَالٍ وَسُعُرٍ ٤٨ يَوْمَ يُسْحَبُونَ

অস্ সা-'আতু আদ্হা-ওয়া আমার্। ৪৭। ইন্নাল্ মুজ্ব্রিমীনা ফী দ্বোয়ালা-লিঁও অসুউ'র্। ৪৮। ইয়াওমা ইয়ুস্হাবূনা
আযাবের প্রতিশ্রুতি, তা কতই না ভয়াবহ, আর তিক্ত। (৪৭) নিশ্চয়ই অপরাধীরা বিভ্রান্ত ও নির্বোধ। (৪৮) ওই দিন তাদেরকে

فِي النَّارِ عَلَىٰ وُجُوهِهِمْ ذُوقُوا مَسَّ سَقَرَ ٤٩ إِنَّا كُلَّ شَيْءٍ خَلَقْنَاهُ بِقَدَرٍ

ফিন্না-রি 'আলা-উজ্বূহিহিম্; যূক্বূ মাস্সা সাক্বর্। ৪৯। ইন্না-কুল্লা শাইয়িন্ খলাক্ব্না-হু বিক্বদার্।
উপুড় করে হেঁচড়ে আগুনে নিক্ষেপ করা হবে জাহান্নামের মজা ভোগ কর, (৪৯) আমি সব কিছু সৃষ্টি করেছি নির্দিষ্ট মাপে।

٥٠ وَمَا أَمْرُنَا إِلَّا وَاحِدَةٌ كَلَمْحٍ بِالْبَصَرِ ٥١ وَلَقَدْ أَهْلَكْنَا أَشْيَاعَكُمْ فَهَلْ مِن

৫০। অমা~ আম্রুনা ~ ইল্লা-ওয়া-হিদাতুন্ কালাম্হিম্ বিল্বাছোয়ার্। ৫১। অলাক্বদ্ আহ্লাক্না ~ আশ্ইয়া- 'আকুম্ ফাহাল্ মিম্
(৫০) আমার নির্দেশ চোখের পলকেই কার্যকর হয়। (৫১) নিঃসন্দেহে আমি ধ্বংস করেছি তোমাদের সমপন্থী দলকে,

مُّدَّكِرٍ ٥٢ وَكُلُّ شَيْءٍ فَعَلُوهُ فِي الزُّبُرِ ٥٣ وَكُلُّ صَغِيرٍ وَكَبِيرٍ مُّسْتَطَرٌ

মুদ্দাকির্। ৫২। অ কুল্লু শাইয়িন্ ফা'আলূহু ফিয্ যুবুর্। ৫৩। অকুল্লু ছোয়াগীরিঁও অকাবীরিম্ মুস্তাত্বোয়ার্।
তোমরা উপদেশ গ্রহণ করবে কি? (৫২) আর তাদের সকল কার্য আমলনামায় আছে। (৫৩) তাতে ছোট-বড় সব কিছুই আছে,

٥٤ إِنَّ الْمُتَّقِينَ فِي جَنَّاتٍ وَنَهَرٍ ٥٥ فِي مَقْعَدِ صِدْقٍ عِندَ مَلِيكٍ مُّقْتَدِرٍ

৫৪। ইন্নাল্ মুত্তাক্বীনা ফী জ্বান্না- তিঁও অনাহার্। ৫৫। ফী মাক্ব'আদি ছিদ্ক্বিন্ ই'নদা মালীকিম্ মুক্ব্তাদির্।
(৫৪) নিঃসন্দেহে মুত্তাকীরা জান্নাতে ও ঝর্ণাসমূহের পাশে থাকবে। (৫৫) সত্য নিকেতনে, মহাশক্তিধর রবের সমীপে।

ওয়াক্ফে নাবেয়ে

৩ ع ১৫ ১০ রুকু

সূরা আর রাহ্মান্
মদীনাবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৭৮
রুকূ ঃ ৩

١ الرَّحْمَٰنُ ٢ عَلَّمَ الْقُرْآنَ ٣ خَلَقَ الْإِنسَانَ ٤ عَلَّمَهُ الْبَيَانَ ٥ الشَّمْسُ وَالْقَمَرُ

১। আররহমা-নু ২। 'আল্লামাল্ ক্বুরআ-ন্। ৩। খলাক্বল্ ইন্সা-না ৪। 'আল্লামাহুল বাইয়া-ন্। ৫। আশ্শামসু অল্ক্বমারু
(১) করুণাময়। (২) শিক্ষা দিলেন কুরআন। (৩) সৃষ্টি করলেন মানুষ। (৪) শিক্ষা দিলেন কথা বলতে। (৫) সূর্য ও চন্দ্র

بِحُسْبَانٍ ۝٥ وَّالنَّجْمُ وَالشَّجَرُ يَسْجُدٰنِ ۝٦ وَالسَّمَآءَ رَفَعَهَا وَوَضَعَ

বিহুস্‌বা-নিঁও। ৬। অন্নাজ্‌মু অশ্‌শাজ্বারু ইয়াস্‌জুদা-ন্ । ৭। অস্‌সামা — য়া রফা'আহা-অওয়াদ্বোয়া'আল্
হিসাব অনুযায়ী কক্ষপথে আবর্তন করছে। (৬) তারকারাজি ও গাছসমূহ তাঁর অনুগত। (৭) আর আকাশসমুহকে সমুন্নত ও

الْمِيْزَانَ ۝٧ اَلَّا تَطْغَوْا فِي الْمِيْزَانِ ۝٨ وَاَقِيْمُوا الْوَزْنَ بِالْقِسْطِ وَلَا تُخْسِرُوا

মীযা-ন্। ৮। আল্লা-তাত্বগও ফিল্ মীযা-ন্। ৯। অআক্বীমুল্ অয্‌না বিল্‌ক্বিস্‌ত্বি অলা-তুখ্‌সিরুল্
তুলাদণ্ডকে স্থাপন করেছেন। (৮) যেন মাপ দেয়ার সময় সীমাতিক্রম না কর। (৯) যেন যথাযথভাবে ওজন কর, ওযনে কম বেশি

الْمِيْزَانَ ۝١٠ وَالْاَرْضَ وَضَعَهَا لِلْاَنَامِ ۝١١ فِيْهَا فَاكِهَةٌ ۙ وَّالنَّخْلُ ذَاتُ

মীযা-ন্। ১০। অল্ আর্‌দ্বোয়া অদ্বোয়া'আহা-লিল্‌আনা-ম্। ১১। ফীহা- ফা-কিহাতুঁও অ-ন্নাখ্‌লু যা-তুল্
না কর। (১০) আর আমিই যমীনকে মানুষের জন্য সৃষ্টি করলাম। (১১) এতে রয়েছে ফলসমূহও খোশাযুক্ত খেজুর বৃক্ষ

الْاَكْمَامِ ۝١٢ وَالْحَبُّ ذُو الْعَصْفِ وَالرَّيْحَانُ ۝١٣ فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ۝

আক্‌মা-ম্। ১২। অল্ হাব্বু যুল্'আছ্‌ফি অর্‌রইহা-ন্। ১৩। ফাবিআইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা-তুকায্‌যিবা-ন্।
রয়েছে। (১২) আর রয়েছে খোশাযুক্ত বীজ ও সুগন্ধ ফল। (১৩) উভয়ে রবের কোন্ কোন্ নিয়ামত অস্বীকার করবে?

١٤ خَلَقَ الْاِنْسَانَ مِنْ صَلْصَالٍ كَالْفَخَّارِ ۝١٥ وَخَلَقَ الْجَآنَّ مِنْ مَّارِجٍ مِّنْ

১৪। খলাক্বল্ ইন্‌সা-না মিন্ ছোয়াল্‌ছোয়া-লিন্ কাল্‌ফাখ্‌খ-রি। ১৫। অখলাক্বল্ জ্বা — ন্না মিম্ মা-রিজ্বিম্ মিন্
(১৪) তিনি পোড়ামাটির অনুরূপ মাটি দিয়ে মানুষ সৃষ্টি করলেন। (১৫) আর তিনিই সৃষ্টি করলেন জ্বিনকে খাঁটি আগুন

نَّارٍ ۝١٦ فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ۝١٧ رَبُّ الْمَشْرِقَيْنِ وَرَبُّ الْمَغْرِبَيْنِ

না-র্। ১৬। ফাবিআইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা- তুকায্‌যিবা-ন্। ১৭। রব্বুল্ মাশ্‌রিক্বাইনি অরব্বুল্ মাগ্‌রিবাইন্।
দিয়ে। (১৬) উভয়ে রবের কোন্ কোন্ দান অস্বীকার করবে? (১৭) তিনি দুই পূর্ব ও দুই পশ্চিমের রব।

١٨ فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ۝١٩ مَرَجَ الْبَحْرَيْنِ يَلْتَقِيٰنِ ۝٢٠ بَيْنَهُمَا بَرْزَخٌ

১৮। ফাবিআইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা- তুকায্‌যিবান্। ১৯। মারজ্বাল্ বাহ্‌রাইনি ইয়াল্‌তাক্বিয়া-ন্। ২০। বাইনাহুমা-বার্‌যাখুল্
(১৮) উভয়ে রবের কোন্ কোন্ দান অস্বীকার করবে? (১৯) মিলিত দুই সমুদ্র প্রবাহিত করেছেন। (২০) উভয়ের মধ্যে

لَّا يَبْغِيٰنِ ۝٢١ فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ۝٢٢ يَخْرُجُ مِنْهُمَا اللُّؤْلُؤُ وَالْمَرْجَانُ

লা-ইয়াব্‌গিয়া-ন্। ২১। ফাবি আইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা- তুকায্‌যিবা-ন্। ২২। ইয়াখ্‌রুজু মিন্‌হুমাল্ লু'লুয়ু অল্ মারজ্বা-ন্ ।
আছে পর্দা, যা অনঅতিক্রম্য (২১) উভয়ে রবের কোন্ কোন্ দান অস্বীকার করবে? (২২) তা হতে মুক্তা ও প্রবাল বের হয়।

আয়াত-৫ ঃ সূর্য ও চন্দ্র এজন্য নেয়ামত যে, তাদের চলাচলের উপর দিন-রাত, শীত-গ্রীষ্ম এবং মাসের গণনা নির্ভর করে। এ সমুদয় বস্তু নেয়ামত। আর বৃক্ষের সেজদা করার অর্থ বাধ্যতামূলক আনুগত্য। অর্থাৎ যাকে যেজন্য সৃষ্টি করেছেন তা পালন করা। এটিও নেয়ামত। (বঃ কোঃ) আয়াত-৭ ঃ হযরত কাতাদাহ্ (রঃ) মীযান শব্দের তাফসীর করেছেন ন্যায় বিচার। কেননা, মীযান তথা দাঁড়িপাল্লার মূল লক্ষ্য ন্যায় বিচার। এখানে মীযানের অর্থে এমন যন্ত্র দাখিল আছে, যা দ্বারা কোন বস্তুর পরিমাণ পরিমাপ করা হয়; তা দু পাল্লা বিশিষ্ট হোক কিংবা কোন আধুনিক পরিমাপক যন্ত্র বিশেষ হোক। (মাঃ কোঃ)

﴿٢٢﴾ فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٢٣﴾ وَلَهُ الْجَوَارِ الْمُنْشَئٰتُ فِى الْبَحْرِ كَالْاَعْلَامِ

